দৈনিক বাংলা

তারিখ 18 APR 1986
পৃষ্ঠা 1 কলাম 3
...UUU-01

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় কিস্তি অনুদান মঞ্জুর

ঢাকা, ১৭ই এপ্রিল।—দেশের বেসরকারী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের জন্য বেতন ও ভাতাদি বাবদ ১৯৮৫-৮৬ অর্থবছরের ডিসেম্বর, জানুয়ারী ও ফেব্রু-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বেসামরিক শিক্ষা

(১ম পৃঃ পর)

য়ারী মাসের সরকারী অনুদান হিসাবে তৃতীয় কিস্তির দেয় মোট ৩৫ কোটি ৩৭ লাখ ১` হাজার ৪ শত ৭৩ টাকা মঞ্জুর করা হয়েছে। অগ্রণী, সোনালী, রূপালী ও জনতা ব্যাংক কর্তৃপক্ষের কাছে এই টাকার চেক ইতিমধ্যেই হস্তান্তর করা হয়েছে। ১৯৮৬ সালের জানুয়ারী থেকে মাধ্যমিক স্কুল শিক্ষক ও কর্মচারীদের সংশোধিত বেতন স্কেলে বাড়তি হারের ইনক্রিমেন্টও অন্তর্ভুক্ত করা হয়েছে। আসন্ন পবিত্র রমজান ও ঈদুল ফিতরের কথা বিবেচনা করে সরকার এই ব্যবস্থা গ্রহণ করেছেন।

এছাড়া মাধ্যমিক বিদ্যালয়ের যেসব শিক্ষক ধর্মঘটে যোগদান করেননি কিংবা অংশগ্রহণ করেও সরকারী আহবানে সাড়া দিয়ে ইতিমধ্যে কাজে যোগদান করেছেন, তাঁদের বেতন ও ভাতা বাবদ সরকারী অনুদানের তৃতীয় কিস্তির টাকাও প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। এজন্য সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যানের প্রত্যয়নপত্রসহ বিল দাখিল করতে হবে। পৌর এলাকার বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠানের বেলায় সংশ্লিষ্ট জেলার ডেপুটি কমিশনারগণ এ সার্টিফিকেট প্রদান করবেন। খবর তথ্য বিবরণীর।